অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ফেডারেল সরকারের প্রস্তাবিত পরিবর্তন যা মুখ্য নাগরিক অধিকার সুরক্ষাকে ক্ষুন্ন করবে এবং আবাসন বৈষম্যকে উসকে দেবে তার বিপক্ষে নিউ ইয়র্কের অবস্থানের কথা ঘোষণা করেছেন

নয়টি নিউ ইয়র্ক স্টেট এজেন্সি আবাসন ও নগর উন্নয়ন (Housing and Urban Development, HUD)-এর প্রস্তাবিত পরিবর্তনের বিরোধীতা করে ডিসপারেট ইমপ্যাক্ট লিগ্যাল স্ট্যান্ডার্ডের (Disparate Impact Legal Standard) নিকট পাবলিক মন্তব্য জমা দিয়েছে

অসম প্রভাব (Disparate Impact) নিউ ইয়র্ক স্টেটের আইনের অধীনে অপরিবর্তীত থাকবে তা স্পষ্ট করে মানবাধিকার দপ্তর নির্দেশিকা জারি করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ অরক্ষিত এবং প্রান্তিক কমিউনিটির জন্য অত্যন্ত গুরুত্বপুর্ণ আবাসন সুরক্ষাকে ফেডারেল সরকারের ভেঙে ফেলার প্রচেষ্টার বিরুদ্ধে বহু-সংস্থার বলিষ্ঠ বিরোধীতার কথা ঘোষণা করেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন দপ্তর (U.S Department of Housing and Urban Development) থেকে প্রস্তাবিত বিধি পরিবর্তনটি, কার্যকর করা হলে, ন্যায্য আবাসন বিধির (Fair Housing Act) অসম প্রভাবের মানকে মৌলিকভাবে পরিবর্তন করবে এবং আবাসন বৈষম্যের শিকার ভুক্তভোগীদের জন্য ভয়াবহ পরিণতি ডেকে আনবে। নয়টি স্টেট প্রস্তাবিত পরিবর্তনের বিরুদ্ধে পাবলিক মন্তব্য জমা দিয়েছে, যা বৈষম্য তা থেকে সকল নিউ ইয়র্কবাসীকে সুরক্ষায় এবং ন্যায্য আবাসনের প্রতি নিউ ইয়র্কের অঙ্গীকারকে পুনরায় দৃঢ়তার সাথে ঘোষণা করে।

"যেকোনো ধরনের বৈষম্যের বিরুদ্ধে নিউ ইয়র্কের সহনশীলতা শুন্য এবং ফেডারেল সরকার যখন অত্যন্ত গুরুত্বপুর্ণ আবাসন সুরক্ষাকে বাতিল করে দিতে চাইছে, আমরা তখন প্রতিটি সুযোগে সেগুলোকে বহাল রাখার জন্য লড়াই করছি", **গভর্নর কুওমো বলেন**। "অন্যায্য আইনী বোঝা সৃষ্টি এবং আইনী সাহায্য নেয়ায় তাদের সামর্থ্যকে বাধাগ্রস্থ করার মাধ্যমে প্রস্তাবিত এই নীতি পরিবর্তন আবাসন বৈষম্যের শিকার হওয়া ভুক্তভোগীদের জন্য ভয়াবহ পরিণতি ডেকে আনবে।"

2019 সালের 19 আগস্ট, আবাসন এবং নগর উন্নয়ন ন্যায্য আবাসন বিধির অসম প্রভাব মানে তাদের বাস্তবায়নে একটি প্রস্তাবিত পরিবর্তনের ঘোষণা দেয়। অসম প্রভাবের দাবি এমন নীতি বা অনুশীলন থেকে উদ্ভুত হয় যেগুলোকে আপাত দৃষ্টিতে নিরপেক্ষ বলে মনে হয়, কিন্তু এটির এখনও জনগনকে তাদের জাত, বর্ণ, ধর্ম, লিঙ্গ, জাতীয় উৎস, পঙ্গুত্ব কিংবা পারিবারিক অবস্থার ভিত্তিতে অসামঞ্জস্যপূর্ণভাবে ক্ষতি করার প্রভাব রয়েছে। প্রথমেই বৈষম্যের দাবিদারদেরকে বৈষম্যের সকল

প্রমাণ হাজির করার মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের শর্ত সহ, এমন দাবিগুলো যে পদ্ধতিতে এত বছর যাবত বিশ্লেষণ করা হচ্ছে প্রস্তাবিত নীতি তা পরিবর্তন করতে চায়। নতুন নিয়ম অনুসারে, একজন বাদীকে তাদের নালিশে বিবাদীর নীতি বা অনুশীলন এবং সেটির বৈষম্যমূলক প্রভাব সম্পর্কে নির্দিষ্ট তথ্যভিত্তিক অভিযোগ প্রদান করতে হবে, যদিও বেশিরভাগ ক্ষেত্রে, একচেটিয়াভাবে বিবাদীদের কাছেই এমন তথ্য থাকে। প্রস্তাবিত নীতি কষ্টসাধ্য শর্ত দাঁড় করবে যা বৈষম্যের যুক্তিসঙ্গত দাবিকে দূর্বল করে দেবে এবং ভুক্তভোগীকে আইনী সাহায্য ব্যতিরেকেই পরিত্যাগ করবে।

এই প্রস্তাবিত নীতির বিরোধীতা করে এবং যদি কার্যকর হয়, তাহলে নিউ ইয়র্কবাসীর উপরে ভয়াবহ যে প্রভাব পড়বে তা তুলে ধরে যে নয়টি নিউ ইয়র্ক স্টেট এজেন্সি পাবলিক মন্তব্য জমা দিয়েছে, তারা হচ্ছে:

- মানবাধিকার দপ্তর (Division of Human Rights)
- আর্থিক পরিষেবা দপ্তর (Department of Financial Services)
- স্বাস্থ্য দপ্তর (Department of Health)
- প্রাক্তন যোদ্ধা পরিষেবা বিভাগ (Division of Veterans Services)
- বাড়ি এবং কমিউনিটি পুনরুদ্ধার (Homes and Community Renewal)
- প্রবীণ বিষয়ক কার্যালয় (Office for the Aging)
- গার্হস্থ্য সহিংসতা প্রতিরোধের জন্য অফিস (Office for the Prevention of Domestic Violence)
- শিশু ও পরিবার পরিষেবার দপ্তর (Office of Children and Family Services)
- অস্থায়ী এবং অক্ষমতা সহায়তার অফিস (Office of Temporary and Disability Assistance)

আজ এই জমা দেয়া মন্তব্যের পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার দপ্তর (New York State Division of Human Rights) নিউ ইয়র্ক স্টেট আইনের অসম প্রভাবের মান ব্যখ্যা করে নির্দেশিকা জারি করবে এবং স্পষ্ট করবে যে ফেডারেল মানে করা যেকোনো পরিবর্তন নিউ ইয়র্ক স্টেটে কিভাবে এমন দাবি বিশ্লেষন করা হয় তাতে কোনো প্রভাব ফেলবে না।

নিউইয়র্ক অঙ্গরাজ্যের মানবাধিকার বিভাগের কমিশনার অ্যাঞ্জেলা ফার্নান্দেজ বলেন, "আবাসন বৈষম্যের শিকার ভুক্তভোগীদের জন্য এই প্রস্তাবিত নীতিটি পূরণ করা প্রায় অসম্ভব এমন বোঝা তৈরি করে। অসম প্রভাবের মান একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার কারণ ক্ষতিকর এবং দেখতে পাওয়া মুশকিল এমন বৈষম্যকে এটি শনাক্ত এবং চ্যালেঞ্জ করতে পারে। এই ধরনের বৈষম্যের বিরুদ্ধে লড়ার জন্য নিউ ইয়র্ক আমেরিকার সুপ্রিম কোর্ট এবং নিউ ইয়র্ক স্টেট কোর্টের আপিল বিভাগ (New York State Court of Appeals) প্রতিষ্ঠিত মানের ব্যবহার অব্যাহত রাখবে।"

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (New York State Department of Health) কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "মানুষকে সাশ্রয়ী এবং স্থিতিশীল আবাসনের সরবরাহ স্বাস্থ্যগত ফলাফল উন্নত করতে সক্ষম। যদি এই প্রস্তাবিত নীতি পরিবর্তন বাস্তবায়িত হয়, তা হলে এটি এমন একটি

প্রয়োগকারী হাতিয়ার ধ্বংস করবে যা ঐতিহাসিকভাবে নির্দিষ্ট করে শুধু ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর আবাসন অধিকার সুরক্ষার জন্যেই নয়, বরঞ্চ সকল নিউ ইয়র্কবাসীর জন্যেই ব্যবহৃত হত।"

নিউ ইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা দপ্তরের সুপারিইনটেন্ডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "HUD-এর সাম্প্রতিক প্রস্তাবনাটি আবাসনে আমাদের গ্রাহকদের সুষ্ঠু প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য থাকা গুরুত্বপূর্ণ গ্রাহক সুরক্ষাগুলো বাতিল করবে। ওয়াশিংটন যখন দীর্ঘদিনের প্রতিষ্ঠিত হাতুড়ি নেয়, তখন নিউ ইয়র্কের সকল অধিবাসীকে সুরক্ষিত করতে ও ন্যায্যতার সাথে বিবেচনা বলবত করতে DFS (ডিএফএস) আবারও এগিয়ে আসবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট আবারো ফেডারেল প্রশাসনের বৈষম্যমূলক ও ক্ষতিকারক নীতির বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দিচ্ছেন। প্রস্তাবিত নীতিটি আবাসন এবং কমিউনিটি পুনরুদ্ধারের (HCR) নিউ ইয়র্ক জুড়ে সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান এবং আমাদের কমিউনিটির জাতিগত ও অর্থনৈতিক পৃথকীকরণ প্রচেষ্টার বিরুদ্ধে করা লড়াইয়ের প্রচেষ্টাকে দুর্বল করবে। এই ভ্রান্ত পরিবর্তনের বিরোধিতা করার মাধ্যমে, জাত, বর্ণ, ধর্ম, জাতীয় উৎস, বিকলাঙ্গতা কিংবা পারিবারিক অবস্থা ব্যতিরেকে সকল নিউ ইয়র্কবাসী তাদের কাঙ্ক্ষিত এলাকা এবং আবাসনে বাস করার সমান সুযোগ পাচ্ছে এবং সমর্থ হচ্ছে তা নিশ্চিত করায় আমাদের কাজ চালিয়ে যাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের প্রবীণ কার্যালয়ের ভারপ্রাপ্ত পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "প্রবেশযোগ্য এবং সাশ্রয়ী মূল্যের আবাসনের মাধ্যমে তারা যখন তাদের জীবন মান বজায় রাখার প্রচেষ্টা করছে, তখন প্রস্তাবিত এই নীতিটি প্রবীণ ব্যক্তিদের উপর নেতিবাচক প্রভাব ফেলবে। এটি নিউ ইয়র্ক জুড়ে প্রবীণ বান্ধব, বসবাসযোগ্য কমিউনিটির উৎকর্ষ বিনষ্ট করবে। প্রবীণ ব্যক্তিদের, বিশেষত প্রতিবন্ধীদের জন্য, তাদের জীবনযাত্রার মান এবং সম্মানের সাথে বার্ধক্য বজায় রাখা আরও কঠিন করে তোলা এই প্রস্তাবের তীব্র বিরোধিতার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই।"

পারিবারিক সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের সহকারী পরিচালক শ্যানন ক্যান্টিয়েলো বলেন, "নিউ ইয়র্কের পারিবারিক সহিংসতা মোকাবেলায় এবং প্রতিরোধে কাজ করে এমন একটি সংস্থা হিসেবে, পারিবারিক সহিংসতা প্রতিরোধ কার্যালয় (Office for the Prevention of Domestic Violence, OPDV) এই প্রস্তাবিত নিয়মের তীব্র বিরোধিতা করে, যা পারিবারিক সহিংসতায় আক্রান্তদের ক্ষতির প্রতি বিশেষভাবে অরক্ষিত করে ফেলে। প্রস্তাবিত নীতি পারিবারিক সহিংসতায় আক্রান্তদের অবস্থার উপর ভিত্তি করে করা বৈষম্যের দাবির কার্যকারিতা এবং উপলভ্য প্রতিকারকে সীমিত করবে। উপরন্তু, এই নীতিগুলোকে চ্যালেঞ্জ করার ক্ষমতার অনুপস্থিতিতে, ভুক্তভোগীরা ক্ষতিকর অনুশীলনের প্রতি অনুভূতিপ্রবণ হয়ে পড়ে, যেটি পারিবারিক সহিংসতার ভুক্তভোগীরা যে সমস্যার সম্মুখীন হয় তাকেই বাড়িয়ে তোলে।"

নিউ ইয়র্ক স্টেটের প্রাক্তন যোদ্ধা পরিষেবা বিভাগের পরিচালক জিম ম্যাকডোনা, জুনিয়র, বলেন, "সকল প্রাক্তন যোদ্ধা এবং তাদের পরিবারকে সেবা করার চলমান মিশনে, মার্কিন

যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন দপ্তর থেকে আসা প্রস্তাবিত নীতিটি বৈষম্যের শিকার হতে পারে এমন পরিস্থিতিতে আমরা যাদের সেবা প্রদান করি তাদের উপরে অন্যায্য কষ্টকর পরিস্থিতি সৃষ্টি করবে। যেকোনো নিয়ম যেটি আমাদের দেশকে সেবা করেছে এমন কারোর সফল আবাসনের বাধা দেয়ার প্রচেষ্টা চালায় সেটি, বাড়ি ফিরলে আমরা আমাদের প্রাক্তন যোদ্ধাদের পরিবারের দেখা শোনা করবো আমাদের এমন প্রতিজ্ঞার সরাসরি বিরোধীতা করে। প্রস্তাবিত নীতিটির বিরোধীতার প্রশ্নে আমরা আমাদের নিউ ইয়র্ক স্টেটের অংশীদারদের সাথে একাত্মতা ঘোষণা করি।"

শিশু ও পরিবার সেবা দপ্তরের কমিশনার শিলা জে. পুল বলেন, "এই কষ্টসাধ্য নিয়মটি নিউ ইয়র্ক স্টেটের পরিবারগুলোর জন্য ধ্বংসাত্মক হবে, যা আবাসন বৈষম্য দাবিকে চ্যালেঞ্জ করাকে কার্যত অসম্ভব করে ফেলে। এটি আমাদের সেবা প্রদান করা পরিবার যারা উচ্চ-চাহিদা কমিউনিটিগুলোতে বসবাস করেন, যারা শিশু সামাজিক নিরাপত্তা ব্যবস্থায় অসামঞ্জস্যপূর্ণভাবে উপস্থাপিত হচ্ছেন, তাদের উপরে বিশেষভাবে প্রভাব ফেলবে। পরিবারকে সংগঠিত রাখার জন্য এবং তাদের সাফল্যের পৃষ্ঠপোষক পরিষেবাগুলো প্রদানের জন্য সুস্থিত আবাসন অপরিহার্য।"

অফিস অব টেম্পরারি এন্ড ডিজ্যাবিলিটি এসিস্টেন্স কমিশনার মাইক হেইন বলেন, "এই জঘন্য নিয়ম পরিবর্তনের ফলে নিউ ইয়র্কের সবচেয়ে অরক্ষিত এবং প্রান্তিক জনগোষ্ঠীর ওপর দীর্ঘমেয়াদি ক্ষতিকর প্রভাব পড়বে। ট্রাম্প প্রশাসনের অনাবশ্যক প্রস্তাবের ফলে, বৈষম্য প্রমাণের জন্য পরিবারগুলো একটি অনতিক্রম্য মানদণ্ড পূরণ করতে বাধ্য হবে, যার ফলস্বরূপ তারা মানসিক এবং শারীরিকভাবে গৃহহীন হওয়ার কষ্টসাধ্য সম্ভাবনার মুখোমুখি হতে পারে। আমরা এই বিবেকবর্জিত নিয়ম পরিবর্তনের বিরোধিতা করার জন্য গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই এবং ন্যায্য আবাসন বিধির মাধ্যমে প্রদান করা সুরক্ষার উপরে এই জঘন্য আঘাতকে ব্যর্থ করার জন্য আমরা তার পাশে থাকবো।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন